

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৮৫.০২৬.০১.০০.০৪৩.২০১৬-৫১৭

তারিখ : ২৭ জুলাই, ২০১৭


বিষয় : Sustainable Urban Development in Dhaka City: A Study for the improvement of the Water Supply and Sanitation System in city and its Pre-urban Area এর উপর মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং- ০৩.০০.২৬৯০.০৮২.৪৮.০০১.১৭-২৭৩ তারিখঃ ১২/০৭/২০১৭

International Sustainable Development Institute (ISDI) কর্তৃক Sustainable Urban Development in Dhaka City: A Study for the improvement of the Water Supply and Sanitation System in city and its Pre-urban Area সংক্রান্ত একটি সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এতে উল্লেখ করা হয় যে, আগামী ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্যে বাংলাদেশের প্রচেষ্টা অব্যাহত আছে। বিশ্ব ব্যংকের ২০১৬ সালের এক সমীক্ষা প্রতিবেদন অনুযায়ী দক্ষিণ এশীয় দেশগুলোর মধ্যে বাংলাদেশের অর্থনীতি উন্নত বিশ্বের দেশগুলোর র‍্যাংকিং-এ উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। জীবন-যাপনের মান উন্নয়নের লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণ সুপেয় পানি সরবরাহ, উন্নত স্যানিটেশন ব্যবস্থা এবং স্বাস্থ্যকর পরিবেশ অর্জনের বিষয়ে গবেষণা প্রতিবেদনে কিছু পর্যালোচনা প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক উক্ত সমীক্ষা প্রতিবেদনের উপর মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

২। এমতাবস্থায়, এ সংশ্লিষ্ট পত্রের ছায়ািলিপি (সংযুক্তিসহ) প্রেরণপূর্বক International Sustainable Development Institute (ISDI) কর্তৃক প্রস্তুতকৃত সমীক্ষা প্রতিবেদনের ওপর বিস্তারিত মতামত সম্বলিত প্রতিবেদন আগামী ০৩ কার্য দিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : বর্ণনামতে ০৭ ফর্দ।

  
২৭/০৭/১৭  
(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব

ফোন : ৯৫৪০৩৭০

e-mail: watersupply\_02@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।